কানাইঘাটে সড়ক দুর্ঘটনা ও বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ২ জনের মর্মান্তিক মৃত্যু

চেম্বার ডেস্ক:: কানাইঘাটে দুর্ঘটনায় একদিনে ঝরেছে দুই প্রাণ। তাদের একজনের মৃত্যু হয়েছে সড়ক দুর্ঘটনায়। অপরজন শিশু, মারা গেছে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে। একজন মঙ্গলবার মধ্যরাতে, অপর প্রাণটি ঝরেছে বুধবার দুপুর ১টার দিকে।

জানা গেছে গত মঙ্গলবার রাত দেড়টার দিকে সিলেট-জকিগঞ্জ সড়কের কানাইঘাট দিঘীরপার ইউপির ঈদগাহ মাদ্রাসার ব্রিজের পশ্চিম পাশে দুটি সিএনজিচালিত অটোরিক্সার মুখোমুখী সংঘর্ষে ঘটনাস্থলেই প্রাণ হারান পথচারী স্থানীয় জয়ফৌদ গ্রামের মৃত তৈয়ব আলীর পুত্র মাহবুবুর রহমান মড়াই (৩০)। আহত হন আরো ৫জন।

সড়ক দুর্ঘটনার খবর পেয়ে কানাইঘাট থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে স্থানীয় লোকজনের সহায়তায় নিহত মাহবুবুর রহমানের লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়। আহতদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেয়া হয়েছে। তবে এঘটনায় নিহতের পরিবারের পক্ষ থেকে এখন পর্যন্ত থানায় কোন মামলা দায়েরের খবর পাওয়া যায়নি।

অপর দিকে উপজেলার বড়চতুল ইউপির রায়পুর গ্রামে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে সাহেদ আহমদ নামে ১২ বছরের এক শিশুর মৃত্যু হয়েছে। জানা যায়, বুধবার দুপুর ১টার দিকে রায়পুর গ্রামের আব্দুর রশিদ প্রতিদিনের মতো তার ব্যাটারিচালিত একটি রিক্সায় নিজের বসত ঘর থেকে বিদ্যুতের চার্জ দিতেন। বৈদ্যুতিক চার্জ দেওয়ার সময় ভুলে তার ছেলে সাহেদ আহমদ রিক্সার সিটে বসে পড়লে দুর্ঘটনাটি ঘটে। সাথে সাথে তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

এ ব্যাপারে তার পরিবারের পক্ষ থেকে অপমৃত্যুর মামলা দায়ের করা হয়েছে বলে জানিয়েছে কানাইঘাট থানা পুলিশ।